

💵 কুরআন ও সুন্নাহর দৃষ্টিকোণে স্বপ্ন ও তার ব্যাখ্যা

বিভাগ/অধ্যায়ঃ গ্রন্থের বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহ শহীদ আব্দুর রহমান (ইসলামহাউস,কম)

স্বপ্ন দেখলে যা করতে হবে

যদি কেউ ভালো স্বপ্ন দেখে তাহলে তাকে তিনটি কাজ করতে হবে:

এক. আল্লাহ তা আলার প্রশংসা স্বরূপ আলহামদুলিল্লাহ বলতে হবে।

দুই. এটা অন্যকে সুসংবাদ হিসেবে জানাবে।

তিন, স্বপ্ন সম্পর্কে এমন ব্যক্তিদেরকে জানাবে যারা তাকে ভালোবাসে।

হাদীসে এসেছে: আবূ সায়ীদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন,

«إِذَا رَأَى أَحَدُكُمْ رُوْيًا يُحِبُّهَا، فَإِنَّمَا هِيَ مِنَ اللَّهِ، فَلْيَحْمَدِ اللَّهَ عَلَيْهَا وَلْيُحَدِّثْ بِهَا، وَإِذَا رَأَى غَيْرَ ذَلِكَ مِمَّا يَكْرَهُ، فَإِنَّمَا هِيَ مِنَ الشَّيْطَانِ، فَلْيَسْتَعِدْ مِنْ شَرِّهَا، وَلاَ يَذْكُرْهَا لِأَحَدِ، فَإِنَّهَا لاَ تَضُرُّهُ».

"যখন তোমাদের কেউ এমন স্বপ্ন দেখে যা তার ভালো লাগে, তাহলে সে বুঝে নেবে এটা আল্লাহ তা'আলার পক্ষ থেকে। তখন সে এ স্বপ্নের জন্য আল্লাহ তা'আলার প্রশংসা করবে আর অন্যকে এ ব্যাপারে জানাবে। আর যদি অন্য স্বপ্ন দেখে যা সে পছন্দ করে না, তাহলে বুঝে নেবে এটা শয়তানের পক্ষ থেকে। তখন সে এ স্বপ্নের ক্ষতি থেকে আল্লাহ তা'আলার কাছে আশ্রয় প্রার্থনা করবে। (আউজুবিল্লাহি মিনাশ শাইতানির রাজীম বলবে) এবং কাউকে এ স্বপ্নের কথা বলবে না। মনে রাখবে এ স্বপ্ন তাকে ক্ষতি করবে না"।[1]

স্বপ্ন ভালো হলে তা শুভাকাজ্জী ব্যতীত অন্য কারো কাছে বলা ঠিক নয়। এ কারণে ইয়াকুব 'আলাইহিস সালাম তাঁর ছেলে ইউসুফ 'আলাইহিস সালামকে বলেছিলেন:

﴿قَالَ لِبُنَىَّ لَا تَقامِمُ صِ الْ رُءاكِيَاكَ عَلَىٓ إِخاوَتِكَ ﴾ [يوسف: ٥]

"হে আমার বৎস! তোমার স্বপ্নের কথা তোমার ভাইদের কাছে বলো না"। [সূরা ইউসুফ, আয়াত: ৫]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৬৯৮৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=14979

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন